



আজ ইরানে আরাঘচির সঙ্গে পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীর বৈঠক



ছবি: সংগৃহীত

পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রী মহসিন নকভি শনিবার ইরান সফরে দেশটির উত্তর-পূর্বাঞ্চলীয় শহর মশহাদে পৌঁছেছেন। স্থানীয় সময় সকালে তাকে বহনকারী বিমান সেখানে অবতরণ করে।

সফরের অংশ হিসেবে ইরানের পররাষ্ট্রমন্ত্রী আব্বাস আরাঘচির সঙ্গে বৈঠক করবেন মহসিন নকভি। বিষয়টি নিশ্চিত করেছে ইরানের পররাষ্ট্র মন্ত্রণালয়।

ইরানি কর্মকর্তাদের মতে, পূর্বনির্ধারিত এই সফরটি আঞ্চলিক কূটনৈতিক যোগাযোগের অংশ। বিশেষ করে ইরান ও যুক্তরাষ্ট্রের চলমান সংলাপ এবং সাম্প্রতিক আঞ্চলিক পরিস্থিতি আলোচনায় গুরুত্ব পেতে পারে।

দুই দেশের পারস্পরিক সম্পর্ক জোরদার করার পাশাপাশি নিরাপত্তা, রাজনৈতিক সহযোগিতা ও আঞ্চলিক ইস্যুগুলো নিয়েও আলোচনা হওয়ার সম্ভাবনা রয়েছে।

সফরকালে পাকিস্তানের স্বরাষ্ট্রমন্ত্রীর ইরানের বিভিন্ন উচ্চপর্যায়ের কর্মকর্তার সঙ্গে একাধিক বৈঠকে অংশ নেওয়ার কথা রয়েছে।